গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.msw.gov.bd.

নং- ৪১.০০.০০০০.০৩৫.১৪.০০৪.১৬-৭০১

০৯ আষাঢ় ১৪২৩
২৪ জুলাই ২০১৬

বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৫-২০১৬ অর্থ বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের ১৫.০৬.২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৩২১.১৬.০১৫.১৬.৯৩ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরের কার্যাবলি সম্পর্কিক বার্ষিক প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ যথাবর্ণনা।

২৪/০৭/১৬

(কাওসার জাহান)
সিনিয়র সহকারী সচিব(প্র:-৩)
ফোন: ৯৫৭৭১১৯।

০১২

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃঃআঃ সিনিয়র সহকারী সচিব, রিপোর্ট শাখা)।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো:
০৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

## মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম : সমাজকল্যাণ মন্ত্রণালয়,
সমাজসেবা অধিদফতর।

আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা : ৪টি

প্রতিবেদনাধীন বৎসর : ২০১৫-১৬

প্রতিবেদন প্রস্তুতির তারিখ : জুলাই, ২০১৬

(১) প্রশাসনিক

১.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে )

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বৎসরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রণালয়/ | ১১৩টি | ৬১টি | ৫২টি | | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস ( মোট পদ সংখ্যা ) | ১১৬৭৫ টি | ১০২৬৯ টি | ১৪০৬ টি | ২৯১৬ টি | |
| মোট | ১১৭৮৮ টি | ১০৩৩০ টি | ১৪৫৮ টি | ২৯১৬ টি | |

১.২ শূন্য পদের বিন্যাস

| অতিরিক্ত সচিব/তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | - | ৪৫২ টি | ১৪৩ টি | ৬৫০ টি | ২১৩ টি | ১৪২১ টি |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদাসম্পন্ন/ সংস্থা প্রধান/তদূর্ধ্ব) শূন্য থাকলে তার তালিকা :

১.৪ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

১.৫ অন্যান্য পদের তথ্য:

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ১ | ৪৩৫ টি |

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান

| প্রতিবেদনাধীন বৎসরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১৭৪ | ৩ | ১৭৭ টি | ৪৬ টি | ২৪১ টি | ২৮৭ টি | |

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে):

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল এ্যাসিসটেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | ৫৮ | ৮২ | ১৯ | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - |
| মোট | - | - | - | - |

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে):

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা)* | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল এ্যাসিসটেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| - | ৬ | ৬৭ | ৩৫ | - |

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রযোজ্য নয়।

(২) অডিট আপত্তি

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত)

(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)

| ক্রমিক | মন্ত্রণালয়/ বিভাগসমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১. | সমাজকল্যাণ মন্ত্রণালয় | ১১ | ১১.১৭ | ৯ | - | | ১১ | ১১.১৭ |
| | সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা। | ১৬৯৪ | ১০.২৩ | ৬৯ | ৭০ | ২.৪৭ | ১৬৫৬ | ১০.০৩ |
| | সমাজকল্যাণ পরিষদ | ৩৫ | ৩২.৩৬ | ১০ | ৪ | ১.৪৪ | ৩১ | ৩০.৯২ |
| | প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন | - | - | - | - | - | - | - |
| | সর্বমোট = | ২০১০ | ৫৩.৭৬ | ৮৮ | ৭৪ | ৩.৯১ | ১৬৯৮ | ৫২.১২ |

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা : - প্রযোজ্য নয়।

(৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

| প্রতিবেধনাধীন অর্থ-বৎসরে (২০১৫-১৬) মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বৎসরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরীচ্যুত/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৩৯ | ০১ | ১৯ | ২১ | ৪১ | ১০২ |

(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত)

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/ বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ টি | ২০ টি | -- | [illegible] | ১ টি |

(৫) মানবসম্পদ উন্নয়ন

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত)

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগীয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ৯৫ জন | ২১৯৪ জন |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৫-১৬) কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনাঃ

- সমাজসেবা অধিদফতর কর্তৃক আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ২০১৫-২০১৬ অর্থবছরে ৩৯টি ইন হাউজ প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা হয়। কোর্সসমূহ হচ্ছে - (১) দফতর/অফিস ব্যবস্থাপনায় প্রশাসনিক ও আর্থিক বিধিবিধান - ০৬ টি। (২) পল্লী সমাজসেবা কার্যক্রম ব্যবস্থাপনা কোর্স- ১৪ টি (৩) পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মান উন্নয়ন - ০৯টি (৪) শিশুর মনো-সামাজিক সুরক্ষা কোর্স - ৩ টি প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা - ২ টি। (৪) Orientation Course on Internet Browsing and E-mail ৪ টি। (৫) Computer Application on office Management-৪ টি (৬) ওরিয়েন্টেশন কোর্স- ০১টি। বর্ণিত প্রশিক্ষণ কোর্সের জন্য সংশ্লিষ্ট সম্মানিত রিসোর্স পার্সন/ প্রশিক্ষকদের মাধ্যমে ক্লাশসমূহ পরিচালনা করা হয়ে থাকে।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনাঃ

(ক) প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা নেই। তবে প্রশিক্ষণ কোর্সে আগত রিসোর্স পার্সন/প্রশিক্ষকদের সম্মানী ভাতার পরিমাণ বৃদ্ধি করা প্রয়োজন।

৫.৪ মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ ব্যবস্থা আছে। বড় রকমের কোন অসুবিধা নেই।

৫.৫ প্রতিবেদনাধীন অর্থ বছরে (০১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : ১৪০ জন।

(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত)

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ০৭ টি | ৬০ জন |

(৭) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন (০১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত)

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে মোট কম্পিউটারের সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে লেন (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ওয়েন (WAN) আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কম্পিউটার ট্রেনিং কর্মকর্তা | কম্পিউটার ট্রেনিং কর্মচারী |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ২৭৯ টি | হ্যাঁ | হ্যাঁ | না | ৪৫২ জন | ৯৪৪ জন |

(৮) সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব থেকে সরকারি কোষাগারে জমার পরিমাণ (অর্থ বিভাগ পূরণ করবে) - প্রযোজ্য নয়।

(৯) প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কটঃ নেই।

৯.১ প্রতিবেদনাধীন অর্থ-বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকাঃ

- দ্যা প্রবেশন অব অফেন্ডার অর্ডিনেন্স ১৯৬০ এর যুগোপযোগীকরণ এবং দ্যা প্রবেশন অফ অফেন্ডার্স রুলস্ ১৯৭১ সংশোধন এর খসড়া মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে।
- 'স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ ১৯৬১' যুগোপযোগী করার লক্ষ্যে 'স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন প্রণয়নের নিমিত্ত ভেটিং এর কাজ শেষ হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

৯.২ প্রতিবেদনাধীন অর্থ-বছরে গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলিঃ

- সমাজসেবা অধিদফতরের সদর দফতর, জেলা ও অন্যান্য প্রতিষ্ঠানে ৮৭ টি উপপরিচালক এর শূন্য পদে সহকারী পরিচালক হতে উপপরিচালক পদে পদোন্নতি দেওয়া হয়েছে।
- সমাজসেবা অধিদফতরের সদর দফতর, জেলা ও অন্যান্য প্রতিষ্ঠানে ১১১ টি সহকারী পরিচালক এর শূন্য পদে সমাজসেবা অফিসার হতে সহকারী পরিচালক পদে পদোন্নতি দেওয়া হয়েছে।
- ২য় শ্রেণি হতে ১ম শ্রেণিতে ২৮জনকে মানোন্নীত এবং ২৯ জনকে পদোন্নতি দেওয়া হয়েছে।
- হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের আওতায় ২০১৫-১৬ অর্থবছরে ৪ লক্ষ ৩০ হাজার ১১৪ জন গরীব ও দুস্থ রোগীকে চিকিৎসা সহায়তা এবং প্রবেশন এন্ড আফটার কেয়ার কার্যক্রমের আওতায় ৫৭০ জনকে প্রবেশনে মুক্তি/জামিন দেয়া হয়েছে এবং আফটার কেয়ার সার্ভিসের আওতায় উপকৃতের সংখ্যা ২ হাজার ২৬৬ জন।
- সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের আওতায় দরিদ্র রোগীদের সেবা প্রদানের লক্ষ্যে অর্থ সংগ্রহের জন্য সমাজসেবা অধিদফতরে দান-অনুদান, যাকাত মেলার আয়োজন করা হয়। ১ জুন ২০১৬ তারিখ দিনব্যাপী ২৬ টি স্টলের মাধ্যমে মেলায় ২২ লক্ষ ৬৬৫ টাকা দান-অনুদান, যাকাত সংগ্রহ করা হয় যা দরিদ্র রোগীদের কল্যাণে ব্যয় করা হবে।
- দরিদ্র রোগীদের চিকিৎসা সেবা প্রদানের লক্ষ হাসপাতাল সমাজসেবা কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত ৪১৯ টি উপজেলা হেলথ কমপ্লেক্স রোগী কল্যাণ সমিতি গঠন ও নিবন্ধন প্রদান করে হাসপাতাল সমাজসেবা কার্যক্রম পরিচালিত হচ্ছে।
- ২ জানুয়ারি জাতীয় সমাজসেবা দিবস ২০১৬ কেন্দ্রীয়ভাবে ঢাকা ও দেশব্যাপি ৭ দিনব্যাপী আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানসহ যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়।
- সমাজসেবা অধিদফতরের কার্যক্রম বহুল প্রচারের জন্য কার্যক্রমের তথ্যসহ ২০১৬ সালের সচিত্র ক্যালেন্ডার মুদ্রণ করা হয়েছে।
- ২০১৫-১৬ অর্থবছরে ০২(দুই) টি জীপ এবং ১(এক) টি মাইক্রোবাস ক্রয় করা হয়েছে।
- বর্তমান সরকারের 'ডিজিটাল বাংলাদেশ' রূপকল্প সফল বাস্তবায়নে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ''এটুআই'' প্রোগ্রাম এবং সমাজসেবা অধিদফতরের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আওতায় ''এটুআই'' এর অর্থায়নে ব্রেইল প্রেস, টঙ্গীর জন্য ০৩টি ব্রেইল প্রিন্টার সরবরাহ করা হয়েছে।
- সমাজসেবা অধিদফতরাধীন মহিলা ও শিশু-কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন কেন্দ্র (সেফহোম) সুষ্টুভাবে পরিচালনার লক্ষ্য ব্যবস্থাপনা নীতিমালা প্রণয়ন চূড়ান্তকরণের জন্য অধিদফতরের কর্মকর্তা, সেফহোমের উপ-তত্ত্বাবধায়ক এবং মানুষের জন্য ফাউন্ডেশনের পার্টনার এনজিওসমূহের কো-অর্ডিনেটরদের সমন্বয়ে ০৫ দিন ব্যাপী (০৪-০৮ আগষ্ট/১৫ পর্যন্ত) একটি কর্মশালা মানিকগঞ্জ জেলার প্রশিকা প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্টিত হয়েছে।
- সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত সরকারি শিশু পরিবারসহ অন্যান্য প্রতিষ্ঠানের উচ্চ/উচ্চতর শ্রেণিতে অধ্যয়নরত নিবাসিদের দ্বারা নিম্নতর শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণে সহয়তার জন্য কোচিং সাইকেল নির্দেশনা যথাযথভাবে অনুসরণের ব্যবস্থা করা হয়েছে।
- ওআইসি সচিবালয় এর সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে এতিমদের কল্যাণার্থে এবং সংশ্লিষ্ট বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্য মুসলিম বিশ্বব্যাপী ( ওআইসিভুক্ত সদস্য রাষ্ট্রসূমহে) প্রতিবছর ১৫ই রমজানকে বিশেষ দিবস (Day of Orphans) পালনের জন্য সংশ্লিষ্ট সকল শিশু পরিবার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।
- সরকারি শিশু পরিবারের এতিম শিশুদের সমাজের মূল স্রোতধারায় সম্পৃক্ত করার লক্ষ্য সাধারণ শিক্ষার পাশাপাশি আধুনিক ও যুগোপযোগি কম্পিউটার প্রশিক্ষণ প্রদানের জন্য '৮৫ টি সরকারি শিশু পরিবারে কম্পিউটার ল্যাব স্থাপন কর্মসূচি' শীর্ষক অনুন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত কর্মসূচীর প্রস্তাব (PPNB) প্রণয়ন করে অনুমোদনের জন্য গত ১৭/০৯/২০১৫ তারিখ সমাজকল্যাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।
- ১৫ অক্টোবার/২০১৫ তারিখ ''বিশ্ব সাদাছড়ি নিরাপত্তা দিবস'' যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়েছে।
- ''খ্রিষ্টীয় নববর্ষ-২০১৬'' এবং ''শুভ বড়দিন'' এর শুভেচ্ছা কার্ডের জন্য ৩৪ (চৌত্রিশ) জন অটিস্টিক শিশু শিল্পীর আকাঁ ৩৯ (উনচল্লিশ)টি ছবি বিভিন্ন প্রতিবন্ধী প্রতিষ্ঠান হতে সংগ্রহপূর্বক অধিদফতর হতে গত ১৯/১১/২০১৫ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়। পরবর্তীতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ''খ্রিষ্টীয় নববর্ষ-২০১৬'' এবং ''শুভ বড়দিন'' উপলক্ষ্য প্রতিবন্ধী শিশুদের মাঝে বিতরণের জন্য প্রদত্ত শুভেচ্ছা কার্ড সংশ্লিষ্ট প্রতিবন্ধী প্রতিষ্ঠানে বিতরণ করা হয়।
- ০৩ ডিসেম্বর/২০১৫ তারিখ ২৪ তম ''আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস'' এবং ১৭ তম ''জাতীয় প্রতিবন্ধী দিবস'' যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়েছে।
- সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত ৮৫টি সরকারি শিশু পরিবারে ৮৫টি মাইক্রোবাস ও ৮৫টি মাল্টিমিডিয়া প্রজেক্টর ক্রয়, ১০টি শিশু পরিবারে উপতত্তাববধায়কের পদমর্যাদা ২য় শ্রেণি হতে ১ম শ্রেণিতে উন্নীতকরণ ৭৫ জন উপতত্তাববধায়কের বেতন গ্রেড ৯ম থেকে ৬ষ্ঠতে উন্নীতকরণ এবং সমাজসেবা অধিদফতর সদর কার্যালয়ের জন্য ৩টি এ্যাম্বুলেন্স ক্রয় ও ৩ জন এ্যাম্বুলেন্স ড্রাইভার নিয়োগের লক্ষ্য অধিদফতর হতে গত ০৬/১২/২০১৫ তারিখ সমাজকল্যাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

- শিশু আইন ২০১৩ এর নির্দেশনা মোতাবেক বিদ্যমান কিশোর/কিশোরী উন্নয়ন কেন্দ্রের নাম পরিবর্তন করে ''শিশু উন্নয়ন কেন্দ্র'' করার লক্ষ্য প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে।
- ০৭ ফেব্রুয়ারি/২০১৬ তারিখ ''বাংলা ইশারা ভাষা দিবস'' যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়েছে।
- ৬ বিভাগে ০৬ টি এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের জন্য কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র ছেলে ও মেয়েদের জন্য পৃথকিকরণের বিষয়ে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রাপ্ত প্রশাসনিক অনুমোদন অধিদফতর হতে পৃষ্ঠাংকন করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।
- সমাজসেবা অধিদফতর কর্তৃক নতুন স্থাপিত মূক ও বধির আবাসিক বিদ্যালয় ঝিনাইদহে ২০১৬ খৃষ্টাব্দ থেকে শিক্ষা কার্যক্রম শুরু করার লক্ষ্য ছাত্র ভর্তির জন্য ৫ সদস্য বিশিষ্টি ভর্তি কমিটি গঠন করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।
- ''বাংলা নববর্ষ-১৪২৩'' এর শুভেচ্ছা কার্ডের জন্য অটিস্টিক শিশু শিল্পীর আকাঁ ০৪(চার)টি ছবি বিভিন্ন প্রতিবন্ধী প্রতিষ্ঠান হতে সংগ্রহ করে অধিদফতর হতে গত ১০/০৩/২০১৬ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়। পরবর্তীতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ''বাংলা নববর্ষ-১৪২৩'' উপলক্ষ্য প্রতিবন্ধী শিশুদের মাঝে বিতরণের জন্য প্রদত্ত শুভেচ্ছা কার্ড সংশিস্নষ্ট প্রতিবন্ধী প্রতিষ্ঠানে বিতরণ করা হয়।
- প্রতিবন্ধীদের জন্য ট্রেনের ভাড়া মওকুফের লক্ষ্য অধিদফতর হতে গত ১৪/০৩/২০১৬ তারিখ সমাজকল্যাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।
- সমাজসেবা অধিদফতরাধীন সরকারি শিশু পরিবারসহ অন্যান্য আবাসিক প্রতিষ্ঠানসমূহের খন্ডকালীন চিকিৎসকের সম্মানী পুন:নির্ধারণ করা হয়েছে।
- ০২ এপ্রিল/২০১৬ তারিখ ''বিশ্ব অটিজম সচেতনতা দিবস'' যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়েছে।
- সরকারি শিশু পরিবারের নিবাসিদের লেখাপড়ার গুনগত মানোন্নয়ন এবং যুগোপযোগী কারিগরী প্রশিক্ষণ দানে যথাযথ ও কার্যকর পদক্ষেদ গ্রহণের জন্য অধিদফতর হতে গত ১৩/০৪/২০১৬ তারিখ সকল সরকারি শিশু পরিবারের তত্ত্বাবধায়ক/উপতত্ত্বাবধায়ক, সংশ্লিষ্ট উপপরিচালক এবং সভাপতি, ব্যবস্থাপনা কমিটি বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।
- সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত সরকারি শিশু পরিবার, কিশোর/কিশোরী উন্নয়ন কেন্দ্র সহ মোট ৩৪টি আবাসিক প্রতিষ্ঠানের নিবাসিদের চিকিৎসা সেবা প্রদানের জন্য ''খন্ডক... চিকিৎসক'' এর পদ সৃজনকরত: নিয়োগের অনুমতি প্রদানের জন্য অধিদফতর হতে গত ২৪/০৪/২০১৬ তারিখ সমাজকল্যাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।
- সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত ৩৪টি আবাসিক প্রতিষ্ঠানে অবস্থানরত নিবাসিদের চিকিৎসা সেবা প্রদানের জন্য স্থানীয় পর্যায়ে যেকোন প্রতিষ্ঠান হতে চিকিৎসক দ্বারা চিকিৎসা সেবা প্রদানের অনুমতি দানের অনুরোধ জানিয়ে অধিদফতর হতে গত ২৪/০৪/২০১৬ তারিখ সমাজকল্যাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।
- ''ঈদ-উল-ফিতর/২০১৬'' এর শুভেচ্ছা কার্ডের জন্য অটিস্টিক শিশু শিল্পীর আকাঁ ৩৫(পয়ত্রিশ)টি ছবি বিভিন্ন প্রতিবন্ধী প্রতিষ্ঠান হতে সংগ্রহ করে অধিদফতর হতে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়। পরবর্তীতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ''ঈদ-উল-ফিতর/২০১৬'' উপলক্ষ্য প্রতিবন্ধী শিশুদের মাঝে বিতরণের জন্য প্রদত্ত শুভেচ্ছা কার্ড সংশ্লিষ্ট প্রতিবন্ধী প্রতিষ্ঠানে বিতরণ করা হয়।
- মানসিক প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠান রউফাবাদ,চট্টগ্রামে মানসিক প্রতিবন্ধী শিশু ব্যতীত অন্য কোন প্রতিবন্ধী শিশু এবং ১৮ বছরের উর্ধ্বে কোন প্রতিবন্ধী ব্যক্তিদের উক্ত প্রতিষ্ঠানে প্রেরণ না করার জন্য বিজ্ঞ আদালতকে অবহিত করার নিমিত্ত আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়কে অনুরোধ জানিয়ে পত্র দেয়ার জন্য অধিদফতর হতে ০৭-০৬-২০১৬ তারিখ সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- মাননীয় সংসদ সদস্য, ২৬৫ ফেনী-১, বাংলাদেশ জাতীয় সংসদ এর অভিপ্রায় অনুযায়ী ফেনী জেলার ছাগলনাইয়া উপজেলায় সরকারি শিশু পরিবারের অব্যবহৃত জমিতে বৃদ্ধা আশ্রম স্থাপনের বিষয়ে মতামত প্রদানের জন্য গত ০৫-০৪-২০১৬ খ্রিস্টাব্দ তারিখ মহাপরিচালক সমাজসেবা অধিদফতরের সভাপতিত্বে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে অনুষ্ঠিত আলোচনা সভায় গৃহীত সিদ্ধান্ত অধিদফতর হতে ০৮-০৬-২০১৬ তারিখ সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

**তথ্য প্রযুক্তির সম্প্রসারণ এবং ই-সেবা বিষয়ক অগ্রগতি :**

- আইসিটি কার্যক্রমের আওতায় সকল প্রতিষ্ঠান/কার্যালয়ে কম্পিউটার, ডিজিট্যাল ক্যামেরা, প্রিন্টার ও মডেমসহ ইন্টারনেট সুবিধা নিশ্চিতকরণ;
- সমাজসেবা অধিদফতরের নিজস্ব ডোমেইনভুক্ত ই-মেইল একাউন্ট ব্যবহার;
- অফিস অটোমেশনে ডিজিটাল নথি নম্বর চালুসহ বাংলা ইউনিকোড ব্যবহারে প্রশিক্ষণ প্রদান;
- সমাজসেবা অধিদফতরে আইসিটি ল্যাব প্রতিষ্ঠা করে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান;
- এ টু আই কর্মসূচির আওতায় ন্যাশানাল ওয়েব পোর্টাল ফ্রেম ওয়ার্কের আঙ্গিকে সমাজসেবা অধিদফতরের এবং জেলা ও উপজেলার মধ্যে কানেক্টিভিটিসহ ওয়েবসাইট চালুর কার্যক্রম প্রক্রিয়াধীন;

- কার্যক্রম বাস্তবায়নে উদ্ভুদ্ধ সমস্যা নিরসন এবং পারস্পরিক মত বিনিময়ের জন্য এটুআই প্রকল্পের সহায়তায় সমাজসেবা ব্লগ ব্যবহার নিশ্চিতকরণ;
- Services for Children at Risk (SCAR) প্রকল্পের আওতায় সমন্বিত Web-base Management Information System (MIS) তৈরির কাজ চলমান রয়েছে ; যার মাধ্যমে অধিদফতরের বিভিনন কার্যএক্রমের সহিত সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ভাতাভোগীদের Database Software প্রস্তুত, Office Automation সহ মন্ত্রণালয়ের Border Institutional Capacity এর উন্নয়ন সাধন করা হবে।
- সমাজসেবা অধিদফতরকে ডিজিটালাইজড করা ও Paper less Office করার লক্ষ্য E-Fillng চালুকরণের নিমিত্ত সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীকে E-Fillng প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং E-Fillng প্রক্রিয়া পরীক্ষামূলকভাবে শুরু করা হয়েছে।
- Child Sensitive Social Protection in Bangladesh (CSPB) Project এর আওতায় দুস্থ শিশুদের জন্য Database Software প্রস্তুত করা হয়েছে ; এছাড়া, Data সংরক্ষণের জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে নিজস্ব ডাটাবেইজ সার্ভার স্থাপন করা হয়েছে।
- প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচির আওতায় মাঠ পর্যায়ের সংগৃহীত তথ্য সংরক্ষণের জন্য ইউনিসেফ বাংলাদেশের আর্থিক ও কারিগরি সহায়তায় Disability Information Storage Software তৈরির কার্যক্রম চলমান রয়েছে।

**অধিদফতরের কার্যক্রমে গতিশীলতা আনয়ন, সচেতনতা তৈরি, প্রচার ও প্রকাশনা :**

- মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জনপ্রশাসন কাজের গতিশীলতা, উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সমাজসেবা অধিদফতরের Innovation Team গঠন করা হয়েছে। Innovation Team এর কার্যক্রম চলমান রয়েছে।
- সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক মহোদয় মাঠ পর্যায়ের কার্যক্রমের অগ্রগতি জানতে প্রতিদিন সকাল ১১টা- ২ টা পর্যমন্ত মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী ও উপকারভোগীদের সাথে স্কাইপে ভিডিও কনফারেন্স করেন এবং এ কার্যক্রম চলমান থাকবে।
- মহাপরিচালক মহোদয়ের নির্দেশে প্রতিষ্ঠানসমূহে প্রতি সপ্তাহে নিবাসী দিবস পালন করা হচ্ছে। এছাড়া অভিভাবক এবং নিবাসীদের মধ্যে স্কাইপে ভিডিও কনফারেন্স করা হচ্ছে। এ কার্যক্রম চলমান থাকবে।
- 'সমাজসেবা অধিদফতরের ৬০ বছর ; ক্ষুদ্রঋণের সাফল্যগাথা' নিয়ে সমাজকল্যাণ বার্তার বিশেষ সংখ্যা প্রকাশের কর্মপরিকল্পনা করা হয়েছে। এ বিষয়ে তথ্য প্রদানের জন্য প্রতিটি জেলাসহ অন্যান্য ইউনিটসমূহে পত্র প্রেরণ করা হয়েছে। তথ্য প্রাপ্তির পর বিশেষ সংখ্যা প্রকাশ করা হবে।
- সমাজসেবায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগ এবং সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে সমাজসেবার যে অবদান রয়েছে তা জনসমদ্র বহুল প্রচারের লক্ষ্য 'বিধবা ভাতার প্রচলন, শেখ হাসিনারই প্রবর্তন, 'শেখ হাসিনার মমতা, বয়স্কদের জন্য নিয়মিত ভাতা' এই শ্লোগান ২টিকে থিম হিসেবে বিবেচনা করে একটি জিঙ্গেল নির্মাণ করা হয়েছে। যা অতি শীঘ্রই বিভিনণ চ্যানেলে প্রচার করা হবে।
- সমাজসেবা অধিদফতরের মুখপত্র মাসিক সমাজকল্যাণ বার্তা নিয়মিতভাবে প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং সমাজকল্যাণ বার্তা পরবর্তী সংখ্যা জুলাই ২০১৬ প্রকাশের কাজ চলমান রয়েছে।
- জাতীয় সমাজসেবা একাডেমির বার্ষিক প্রতিবেদন ২০১৫-১৬ প্রকাশ করা হবে।
- সুদমুক্ত ক্ষদ্রঋণ কার্যক্রম খাতে ২০১৫-১৬ অর্থবছরে বাজেটে ৪৯ কোটি ৬০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত অর্থ প্রশাসনিক মন্ত্রণালয়ের মঞ্জুরী আদেশের প্রেক্ষিতে ১ম কিসিস্তর ২৪ কোটি ৮০ লক্ষ টাকা উপজেলা পর্যায়ে বিতরণের জন্য প্রেরণ করা হয়েছে। ২য় কিস্তির অবশিষ্ট ২৪ কোটি ৮০ লক্ষ টাকা শীঘ্রই বিভাজনপূর্বক উপজেলাওয়ারী সংশিস্নষ্ট ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে। ২০১৫-১৬ অর্থবছরে সর্বমোট ৪০ কোটি ৪৮ লক্ষ টাকা বিনিয়োগ করা হয়েছে এবং ৫১ কোটি ৫০ লক্ষ টাকা পুনঃবিনিয়োগ করা হয়েছে।

- বাংলাদেশের ৬৪ জেলার ৮০ টি শহর সমাজসেবা কার্যক্রমের আওতায় ২০১৫-১৬ অর্থবছরে ক্ষুদ্রঋণ বিনিয়োগ ও পুনঃবিনিয়োগ ১০ কোটি ১৭ লক্ষ টাকা, ঋণ গ্রহিতার সংখ্যা ৫ হাজার ৮৫ জন, আদায়কৃত অর্থের পরিমাণ ১১ কোটি ৬৭ লক্ষ টাকা, আদায়ের হার ৯০%, কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে উপকৃত ১৫ হাজার ২৫৪ জন, সামাজিক কার্যক্রমের মাধ্যমে উপকৃত ১৬ হাজার ৫৮৮ জন, সামাজিক মর্যাদা ও দক্ষতা বৃদ্ধিতে উপকৃত ২ হাজার ৬৬০ জন এবং সুষ্ঠু পরিবেশ তৈরিতে সক্ষমতা লাভ ১ হাজার ৫৯৮ জন।

**হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি :**

২০১৫-১৬ অর্থ বছরে পূর্বের ২১ জেলা সহ নতুন ৪৩টি জেলায় কর্মসূচি সম্প্রসারণ করে মোট ৬৪ জেলায় এ কার্যক্রম বাসত্মবায়িত হচ্ছে। ২০১৫-১৬ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ১৮ (আঠারো) কোটি টাকা।

১। দলিত ও বেদে স্কুলগামী শিক্ষার্থীদের শিক্ষিত করে গড়ে তোলার লক্ষ্য ৪ স্তরে উপবৃত্তি প্রদান করা হচ্ছে । উপবৃত্তির হার যথাক্রমে - (ক) প্রাথমিক সত্মর মাসিক-৩০০/- হারে ৫৪৪০ জন (খ) মাধ্যমিক সত্মর মাসিক- ৪৫০/- হারে ২১১২ জন (গ) উচ্চ মাধ্যমিক সত্মর মাসিক- ৬০০/- হারে ৫৭৫ জন (ঘ) উচ্চতর সত্মর মাসিক- ১০০০/- হারে ৩৯৯ জন মোট ৮৫২৬ জন।

২। ৫০ বছর বা তদুর্ধ্ব বয়সের অক্ষম ও অসচ্ছল দলিত ও বেদেদের বয়স্ক ভাতা/ বিশেষ ভাতা মাসিক ৪০০/- করে ১৯১৩৯ জনকে প্রদান করা হয় ;

৩। বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে ১২৫০ জনকে কর্মদক্ষম দলিত ও বেদে জনগোষ্ঠীর দক্ষতা বৃদ্ধি ও আয়বর্ধনমূলক কর্মকান্ডে সম্পৃক্ত করে তাদের সমাজের মূল স্রোতধারায় আনয়ন ;

৪। ১২৫০ জনকে ১০,০০০ টাকা করে প্রশিক্ষণোত্তর আর্থিক সহায়তা প্রদান।

**৮.৭, দলিত ও হরিজন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি :**

২০১৫-১৬ অর্থ বছরে পূর্বের ২১ জেলা সহ নতুন ৪৩টি জেলায় কর্মসূচি সম্প্রসারণ করে মোট ৬৪ জেলায় এ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। ২০১৫-১৬ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৮ (আট) কোটি টাকা।

১। হিজড়া স্কুলগামী শিক্ষার্থীদের শিক্ষিত করে গড়ে তোলার লক্ষ্য ৪ স্তরে উপবৃত্তি প্রদান করা হচ্ছে । উপবৃত্তির হার যথাক্রমেঃ (ক) প্রাথমিক স্তর মাসিক- ৩০০/- হারে ৮৫৬ জন (খ) মাধ্যমিক স্তর মাসিক - ৪৫০/- হারে ৩০৬ জন (গ) উচ্চ মাধ্যমিক স্তরে মাসিক- ৬০০/- হারে ১১২ জন (ঘ) উচ্চতর স্তরে মাসিক-১০০০/- হারে ৫৫ জন মোট ১৩২৯ জন।

২। ৫০ বছর বা তদুর্ধ্ব বয়সের অক্ষম ও অসচ্ছল দলিত ও বেদেদের বয়স্ক ভাতা/ বিশেষ ভাতা মাসিক ৪০০/- করে ২৩৪০ জনকে প্রদান করা হয় ;

৩। বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে ১৫০০ জনকে কর্মক্ষম দলিত ও বেদে জনগোষ্ঠীর দক্ষতা বৃদ্ধি ও আয়বর্ধনমূলক কর্মকান্ডে সম্পৃক্ত করে তাদের সমাজের মূল স্রোতধারায় আনয়ন ;

৪। ১৫০০ জনকে ১০,০০০ টাকা করে প্রশিক্ষণোত্তর আর্থিক সহায়তা প্রদান।

**প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ কর্মসূচি :**

২০১১-২০১২ অর্থ বছরে পাইলটভিত্তিতে **প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি** বাসত্মবায়ন শুরম্ন হয়। ২০১২-১৩ অর্থবছরে পাইলটভিত্তিতে জরিপ পরিচালিত উপজেলা ব্যতীত দেশের অবশিষ্ট এলাকায় বাড়ি বাড়ি গিয়ে জরিপ পরিচালনার উদ্যোগ নেওয়া হয়। জরিপ কাজ বাসত্মবায়নের নিমিত্ত বিভিন্ন মেয়াদে জাতীয় কর্মশালা, বিভাগীয় ও উপজেলাপর্যায়ে অবহিতকরণ সভা, তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজর, ডাক্তার ও কনসালট্যান্ট এবং সফটওয়্যারসহ মোট ৬৭৯ টি প্রশিক্ষণের মাধ্যমে সর্বমোট ৮৫,৪৪১ জনকে প্রশিক্ষণ ও অবহিতকরণের আওতায় আনা হয়। গত ১ জুন ২০১৩ থেকে মাঠপর্যায়ে তথ্য সংগ্রহের কাজ শুরম্ন হয়। গত ১৪ নভেম্বর ২০১৩ প্রাথমিক তথ্য সংগ্রহের কাজ সম্পন্ন হয়। ২০১৪-১৫ অর্থবছরে বাদপড়া প্রতিবন্ধীব্যক্তিদেরকে জরিপভুক্তকরণ ও ডাক্তার কর্তৃক শনাক্তকরণের কাজ সম্পন্ন করা হয়েছে। ডাক্তার কর্তৃক শনাক্তকৃত প্রতিবন্ধীব্যক্তিগণের তথ্যসমূহ যথাযথভাবে সংরক্ষণ এবং সংরক্ষিত তথ্যের আলোকে প্রতিবন্ধীব্যক্তিগণের সামগ্রিক উন্নয়ন নিশ্চিতকল্পে পরিকল্পনা প্রণয়নের লক্ষ্য **Disability Information System** শিরোনামে একটি সফটওয়্যার তৈরি করা হয়েছে। তৈরিকৃত ওয়েববেজ্ড সফটওয়্যারের মাধ্যমে তথ্যভান্ডারে প্রতিবন্ধীব্যক্তিগণের তথ্যসমূহ সন্নিবেশিত হচ্ছে। গত ০৩ ডিসেম্বর ২০১৫ মাননীয় প্রধানমন্ত্রী প্রতিবন্ধীব্যক্তিবর্গের মাঝে লেমিনেটেড পরিচয়পত্র সরবরাহ কাজের শুভ উদ্বোধন করেন। এন্ট্রিকৃত ডাটা সংশোধনপূর্বক প্রতিবন্ধীব্যক্তিবর্গের মাঝে লেমিনেটেড পরিচয়পত্র বিতরণ করা হচ্ছে। ১৩ জুলাই ২০১৬ পর্যমত্ম মোট ১৫,০৮,০০০ জন প্রতিবন্ধীব্যক্তিকে ডাক্তার কর্তৃক শনাক্ত সম্পন্ন এবং তাদের তথ্যাদি **Disability Information System**'এ এন্ট্রি করা হয়েছে।

**ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান :**

- ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক ভিক্ষুকমুক্ত ঘোষিত এলাকায় মাইকিং এর মাধ্যমে প্রচারণা চালানো হচ্ছে।
- ...মামত্মর ও ডেইলী স্টার পত্রিকায় ২দিন এবং বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় ১দিন শেষের পাতায় ভিক্ষুকমুক্ত ঘোষিত এলাকায় ভিক্ষা না করার জন্য সংশিস্নষ্ট সকলের সহযোগিতা চেয়ে বিজ্ঞাপন দেয়া হয়েছে।
- ভিক্ষুকমুক্ত ঘোষিত এলাকার ১০টি পয়েন্টে ভিক্ষা করা নিষিদ্ধ বিষয়ে স্টেনলেস স্টিলের স্থায়ী বিলবোর্ড স্ট্যান্ড লাগানো হয়েছে।

- ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত ব্যক্তিদের অংশগ্রহনে তাদের পুনর্বাসন চাহিদা নিরূপণের জন্য ১ দিনের কর্মশালা করা হয়েছে।
- স্থায়ীভাবে ভিক্ষুকদের পুনর্বাসনের জন্য গোপালগঞ্জ, সুনামগঞ্জ, নড়াইল এবং জামালপুর জেলায় ৩৯.০০ লক্ষ টাকা প্রেরণ করা হয়েছে।
- ম্যাজিষ্টেট নিয়োগ না হওয়ায় ভ্রাম্যমান আদালত পরিচালনা করা সম্ভব হয়নি। তবে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সহায়তায় গত ২৮/৬/২০১৬ তারিখে গুলশান ১ ও ২ নমবর গোল চক্কর এলাকায় পুলিশ কর্তৃক ম্যাজিস্ট্রেটের সহায়তায় ১১ জন ভিক্ষুককে ধরে আশ্রয় কেন্দ্রে প্রেরণ করা হয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরে ভ্রাম্যমান আদালত পরিচালনা করার পরিকল্পনা রয়েছে।
- মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক বিমানবন্দর হতে শাহবাগ পর্যমত্ম ভিআইপি সড়ক সিটি কর্পোরেশনের মাধ্যমে ভিক্ষুকমুক্ত ঘোষণা করার জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

**জাতীয় সমাজসেবা একাডেমি :**

২০১৫-২০১৬ অর্থবছরে স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি কোর্সের মাধ্যমে সর্বমোট ৭৩০ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছেন। যার মধ্যে ৪৬১ জন পুরুষ এবং ২৬৯ জন নারী প্রশিক্ষণার্থী রয়েছেন।

- শুরু হতে এ পর্যমত্ম সমাজসেবা অধিদফতরের ১২,৩২১ জন কর্মকর্তাকে একাডেমিতে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যার মধ্যে ৯,৩৮৫ জন পুরুষ ও ২,৯৩৬ জন নারী কর্মকর্তা রয়েছে।
- ২০১৫-২০১৬ অর্থবছরে ১৬টি প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা হয়। কোর্সসমূহ হচ্ছে (১) Computer Application in Office Management Course- ২টি (২) Management Social Training ২ টি (৩) Workshop on Innovation Public Service ১টি (৪) ছিটমহলবাসীদের জীবনমান উন্নয়নে সমাজসেবা কর্মসূচি বাসত্মবায়ন - ১ টি (৫) কেইস ব্যবস্থাপনা- ১ টি (৬) Orientation Course on Facebooking - ১টি (৭) ৮০টি ইউসিডি কার্যালয়ে একটি বাড়তি ট্রেড প্রবর্তণ বিষয়ক কর্মশালা- ১টি (৮) নবনিযুক্ত সমাজসেবা কর্মকর্তাদের ওরিয়েন্টেশন কোর্স- ১ টি (৯) আধুনিক অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স- ১ টি (১০) নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ কোর্স- ১ টি (১১) ই-ফাইল (নথি) সিস্টেম ইউজার প্রশিক্ষণ কোর্স- ৩টি (১২) ই-ফাইল (নথি)সিস্টেমইউজার রিফ্রেশার'স কোর্স- ১টি ।
- প্রশিক্ষণকালীন প্রশিক্ষণার্থীদের বি দন ও বাসত্মবধর্মী জ্ঞান লাভের জন্য ফিল্ড ভিজিট এর ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে।
- সরকারের প্রশিক্ষণ নীতির আলোকে কর্মকর্তাদের ১০০ ঘন্টাব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।
- প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের পরীক্ষা গ্রহণপূর্বক অর্জিত জ্ঞান মূল্যায়ন করা হয়ে থাকে।
- তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়ন, বার্ষিক গোপনীয় অনুবেদন সম্পর্কিত সরকারি নির্দেশনা, কর্মচারি শৃঙ্খলা ও আচরণ বিধি ও নিরীক্ষা বিষয়ক গুরুত্বপুর্ণ বিষয়সমূহের উপর সংশ্লিষ্ট সম্মানিত রিসোর্স পার্সন/প্রশিক্ষকদের মাধ্যমে ক্লাস পরিচালনায় গুরুত্বরোপ করা হচ্ছে।

**আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র :**

- ২০১৫-২০১৬ অর্থবছরে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারিদের ৩৭ টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে মোট ৭৯৮ জনকে (পুরুষ ৫২৪ জন ও ২৭৪ জন নারী কর্মচারী) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- শুরু হতে এ পর্যন্ত সমাজসেবা অধিদফতরের ১৩,১৭১ জন কর্মচারীকে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যার মধ্যে ৮,৭৮৩ জন পুরম্নষ ও ৪,৩৮৮ জন নারী কর্মকর্তা রয়েছে।
- সমাজসেবা অধিদফতর, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের সরকারের প্রশিক্ষণ নীতির আলোকে কর্মকর্তাদের ১০০ ঘন্টা ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

**স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা নিবন্ধন ও নিয়ন্ত্রণ কার্যক্রম :**

২০১৫-২০১৬ অর্থবছরে অধিদফতর হতে ১৮২ টি সংস্থাকে নিবন্ধন প্রদান করা হয়েছে।

- এ পর্যন্ত মোট ৬২,৭৭৩ টি স্বেচ্ছাসেবী সংস্থা নিবন্ধন প্রদান করা হয়।
- নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থার কার্যক্রম মনিটরিং ব্যবস্থা জোরদারকরণের নিমিত্ত জেলা পর্যায়ে কর্মরত জেলা সমাজসেবা কার্যারয়ে উপপরিচালকদের মাধ্যমে শুনানী গ্রহণ করে গঠনতন্ত্র পরিপন্থী কাজে জড়িত থাকায় এ পর্যন্ত ১০,৮২৭ টি সংস্থাকে বিলুপ্ত করা হয়েছে।
- বিলুপ্তকৃত সংস্থার মধ্যে তাদের আবেদনেরভিত্তিতে ২৪টি সংস্থাকে পুনরায় সক্রিয় করা হয়েছে। বর্তমানে ৫১,৯৭০টি সংস্থা সক্রিয় রয়েছে।

- **ক্যান্সার, কিডনী ও লিভার সিরোসিস রোগীর আর্থিক সহায়তা কর্মসূচির** আওতায় ২০১৫-১৬ অর্থবছরে ১,৯৯২ জন দরিদ্র রোগীকে এককালীন ৫০ হাজার টা হারে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।
- **চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচির** আওতায় ২০১৫-১৬ অর্থবছরে ৬ টি জেলায় মোট ২০ হাজার জন শ্রমিকের মধ্যে খাদ্য ও পণ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

- জাতীয় সমাজসেবা দিবস, জাতীয় ও আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস, প্রবীণ দিবস, বিশ্ব অটিজম সচেতনতা দিবস, বিশ্ব সাদাছড়ি দিবস, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবস ও জাতীয় শিশু দিবসসহ বিভিন্ন দিবস পালনে অংশগ্রহণ নিশ্চিত করা হচ্ছে।

৯.৩ ২০১৫-১৬ অর্থ-বছরে মন্ত্রণালয়ের কার্যাবলি সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সংকটের আশঙ্কা করা হলে তার বিবরণ (সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সংকট উল্লেখের প্রয়োজন নেই ; উদাহরণ : পদ সৃষ্টি, শূন্য পদ পূরণ ইত্যাদি) :

মহামান্য হাইকোর্টে পদোননতি সংক্রান্ত ১টি রীট মামলা সুপ্রীম কোর্টের চূড়ান্ত নিষ্পত্তি হয়েছে। মামলা নিষ্পত্তি হওয়ায় ৮৭ জন কর্মকর্তাকে উপপরিচালক এবং ১১১ জন কর্মবর্তাকে সহকারী পরিচালক পদে পদায়ন করা হয়েছে।

(১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত :

১০.১ ২০১৫–১৬ অর্থবছরের কার্যাবলির মাধ্যমে মন্ত্রণালয়ের আরদ্ধ উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি ?

হ্যাঁ, ২০১৫-২০১৬ অর্থ বছরে সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা দুস্থ মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কার্যক্রম ও এসিডদগ্ধ প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম, আর্থসামাজিক উন্নয়নে সুদমুক্ত ক্ষুদ্রঋণ, প্রান্তিক জনগোষ্ঠী যেমন হিজড়া, দলিত, বেদে ও হরিজন সম্প্রদায়ের জীবনমান উন্নয়ন কার্যক্রম, শিশু, প্রতিবন্ধীদের উন্নয়ন-কল্যাণমূলক কার্যক্রম, দরিদ্ররোগীদের চিকিৎসা সহায়তা প্রদানে জন্য হাসপাতাল সমাজসেবা কার্যক্রম, স্বেচ্ছাসেবী সংস্থা নিবন্ধন কার্যক্রম, প্রবেশন কার্যক্রম ও উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য কার্যক্রম সফলভাবে বাস্তবায়িত হয়েছে।

১০.২ উদ্দেশ্যাবলি সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ : বড় ধরনের কোন প্রতিবন্ধকতা সৃষ্টি হয়নি।

১০.৩ মন্ত্রণালয়ের আরদ্ধ উদ্দেশ্যাবলি আরও দক্ষতা ও সাফল্যের সঙ্গে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ :

সমাজসেবা অধিদফতরের কার্যক্রম জোরদার করার জন্য নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ আবশ্যক :

১. সমাজসেবা অধিদফতরের বিদ্যমান ১ম শ্রেণির ৪৩৮ টি ও ২য় শ্রেণির ১২৮ টিসহ মোট ১৩৯৯ টি শূন্য পদ দ্রুত পূরণ;
২. সমাজসেবা অধিদফতরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের দেশে-বিদেশে প্রশিক্ষণ সুবিধা বৃদ্ধি;
৩. ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে কম্পিউটার, ইন্টারনেট, ওয়েব সাইট, ই-টেন্ডারিং, ই-ফাইলিং ও ইউনিকোড ব্যবহার সংক্রামন্ত সুযোগ-সুবিধা বৃদ্ধি;
৫. কার্যক্রম নিবিড় তদারকি ও মনিটরিং এর জন্য সমাজসেবা অধিদফতরের বিভাগীয় কাঠামো সৃষ্টি;
৬. দীর্ঘদিন যাবৎ একই পদে কর্মরত দক্ষ/যোগ্য কর্মকর্তা/কর্মচারিদের দ্রুত পদোন্নতির ব্যবস্থাকরণ।
৭. সমাজসেবা অধিদফতরের কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নে সাংগঠনিক কাঠামো নতুনভাবে প্রণয়ন।
৮. সমাজসেবা অধিদফতরের মাঠ পর্যায়ের কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য প্রস্তাবিত বিভাগীয় কাঠামো অনুমোদন ও তৎপ্রেক্ষিতে জনবল নিয়োগ।
৯. সমাজসেবা অধিদফতরের সকল পর্যায়ে কাজের গতিশীলতা আনয়নের লক্ষ্য সহকারী পরিচালক, উপপরিচালক, অতিরিক্ত পরিচালক, পরিচালক এবং মহাপরিচালক পদসমূহের স্কেল আপগ্রেডকরণ।

(১১) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

১১.১, ১১.২, ১১.৩, ১১.৪, ১১.৫, ১১.৬ - প্রযোজ্য নয়।

(১২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয় পূরণ করবে)

১২.১, ১২.২, ১২.৩, ১২.৪, ১২.৫, ১২.৬, ১২.৭, ১২.৮ - প্রযোজ্য নয়।

(১৩) ফৌজদারি মামলা সংক্রান্ত তথ্য (আইন ও বিচার বিভাগ পূরণ করবে) - প্রয়োজ্য নয়।

(১৪) অর্থনৈতিক (অর্থ বিভাগ পূরণ করবে)

১৪.১ - প্রযোজ্য নয়।

(১৫) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত (বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ পূরণ করবে) ঃ

১৫.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত)

| প্রতিবেদন বৎসরে প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়)ও ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১৩ টি | ৯৫.১৩ | ৮১.২২৪৫<br>৮৫% | জুন ২০১৬ পর্যন্ত ১২ টি |

১৫.২ প্রকল্পের অবস্থা (০১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত) ঃ

| শুরু করা নতুন প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০৩ (তিন)টি | ১.সার্ভিসেস ফর চিলড্রেন এ্যাট রিস্ক (স্কার) (সংশোধিত)<br>২. এস্টাবলিশমেন্ট অব সোনাইমুড়ি অন্ধকল্যাণ সমিতি আই হাসপাতাল। | -- | হাসপাতাল ভবন অবকাঠামো নির্মাণ। |

১৫.৩, ১৫.৪, ১৫.৫, ১৫.৬ - প্রযোজ্য নয়।

(১৬) ঋণ ও অনুদান সংক্রান্ত তথ্য (অর্থনৈতিক সম্পর্ক বিভাগ পূরণ করবে) - প্রযোজ্য নয়।

(১৭) অবকাঠামো উন্নয়ন (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ, ২০১৫-২০১৬ অর্থ-বছরে (২০১৫-১৬) বরাদ্দকৃত অর্থ, ব্যয়িত অর্থ, লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি)

| ক্রম | প্রকল্পের নাম | গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | দৃষ্টি প্রতিবন্ধী শিশুদের জন্য হোস্টেল নির্মাণ | প্রকল্পের জনবলের বেতন ও ভাতা, অন্যান্য, সরবরাহ এবং সেবা , যন্ত্রপাতি, সরঞ্জাম, আসবাসপত্র, অফিস সরঞ্জাম, যানবাহন, ভূমি ক্রয়, ভূমি উন্নয়ন, নির্মাণ ও পূর্ত ইত্যাদি |
| ২. | কন্সট্রাকসন অব হোস্টেল ফর দি সরকারি শিশু পরিবার (৮ ইউনিট) | প্রকল্পের জনবলের বেতন ও ভাতা, অন্যান্য, সরবরাহ এবং সেবা , যন্ত্রপাতি, সরঞ্জাম, আসবাসপত্র, অফিস সরঞ্জাম, যানবাহন, ভূমি ক্রয়, ভূমি উন্নয়ন, নির্মাণ ও পূর্ত ইত্যাদি |
| ৩. | এস্টাবলিশমেন্ট অব সোনাইমুড়ি অন্ধকল্যাণ সমিতি আই হাসপাতাল | প্রকল্পের জনবলের বেতন ও ভাতা, পরামর্শক ফি, সেমিনার/ ওয়ার্কশপ, প্রকাশনা, অন্যান্য , জ্বালানী, রক্ষনাবেক্ষণ, যন্ত্রপাতি ও মেডিক্যাল সরঞ্জাম, আসবাসপত্র, অফিস সরঞ্জাম, যানবাহন/এম্বুলেন্স, জেনারেটর, ওয়াটার রিজার্ভার, সোলার পেনেল, ভূমি ক্রয়, ভূমি উন্নয়ন, নির্মাণ ও পূর্ত ইত্যাদি |
| ৪. | এক্সপানশন এন্ড ডেভেলপমেন্ট অব নীলফামারী ডায়াবেটিক হসপিটাল | প্রকল্পের জনবলের বেতন ও ভাতা, অন্যান্য , যন্ত্রপাতি ও মেডিক্যাল সরঞ্জাম, আসবাসপত্র, অফিস সরঞ্জাম, যানবাহন/ এম্বুলেন্স, ভূমি ক্রয়, ভূমি উন্নয়ন, নির্মাণ ও পূর্ত ইত্যাদি |
| ৫. | কন্সট্রাকশন অব ফাইভ স্টোরেড ট্রাইবাল ওয়েলফেয়ার এসোসিয়েশন সেন্ট্রাল অফিস কাম কমিউনিটি হল এট বালাশপুর, ময়মনসিংহ | অন্যান্য , যন্ত্রপাতি ও মেডিক্যাল সরঞ্জাম, আসবাসপত্র, অফিস সরঞ্জাম, যানবাহন/এম্বুলেন্স, জেনারেটর, ওয়াটার রিজার্ভার, সোলার পেনেল, ভূমি ক্রয়, ভূমি উন্নয়ন, নির্মাণ ও পূর্ত ইত্যাদি |
| ৬. | "এস্টাবলিশমেন্ট অব ডায়াবেটিক, ডায়াবেটিক রিলেটেড এন্ড নন-ডায়াবেটিক হসপিটাল এট রাজবাড়ী" | প্রকল্পের জনবলের বেতন ও ভাতা, বেইজ লাইন সার্ভে অন্যান্য , যন্ত্রপাতি ও মেডিক্যাল সরঞ্জাম, আসবাসপত্র, অফিস সরঞ্জাম, যানবাহন/ এম্বুলেন্স, জেনারেটর, ওয়াটার রিজার্ভার, সোলার পেনেল, ভূমি ক্রয়, ভূমি উন্নয়ন, নির্মাণ ও পূর্ত ইত্যাদি |
| ৭. | এস্টাবলিশমেন্ট অব লক্ষীপুর ডায়াবেটিক হসপিটাল | প্রকল্পের জনবলের বেতন ও ভাতা, অন্যান্য , যন্ত্রপাতি ও মেডিক্যাল সরঞ্জাম, আসবাসপত্র, অফিস সরঞ্জাম, যানবাহন/ এম্বুলেন্স, ভূমি ক্রয়, ভূমি উন্নয়ন, নির্মাণ ও পূর্ত ইত্যাদি |
| ৮. | এক্সটেনশন এন্ড মর্ডানাইজেশন অব ধর্মরা..কা বৌদ্ধ মহাবিহার অডিটরিয়াম কমপেক্স ফর দি অরফানস এন্ড আন্ডারপ্রিভিলাইজড কমিউনিটি মেম্বারস অব দি সোসাইটি | প্রকল্পের জনবলের বেতন ও ভাতা, অন্যান্য , যন্ত্রপাতি সরঞ্জাম, আসবাসপত্র, অফিস সরঞ্জাম, ভূমি ক্রয়, ভূমি উন্নয়ন, নির্মাণ ও পূর্ত ইত্যাদি |

| ক্রম | প্রকল্পের নাম | গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি |
|---|---|---|
| ৯. | 'এস্টবলিশমেন্ট অব মুন্সিগঞ্জ ডায়াবেটিক হসপিটাল। | ক) ডায়াবেটিক রোগের ক্ষতিকর দিক সম্পর্কে সচেতনতা তৈরী;<br>খ) ডায়াবেটিক রোগীদের নিয়মতান্ত্রিক জীবন যাপন সম্পর্কে সঠিক পরামর্শ প্রদান;<br>গ) দেশে ক্রমবর্ধমান ডায়াবেটিক রোগীদের স্বাভাবিক জীবন যাপন সম্পর্কে চিকিৎসা/ সামাজিক/ পরামর্শ সেবা প্রদানসহ তাদের পরিবারে তাদের পুনর্বাসনের ব্যবস্থা;<br>ঘ) ডায়াবেটিক রোগীদের প্রয়োজনীয়/ উপযুক্ত প্রশিক্ষণ প্রদান; এবং<br>ঙ) দরিদ্র রোগীদের কমপক্ষে৩০% বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান। |
| ১০. | সেফ মাদারহোড একটিভিটিস ইন ৪ (ফোর) উপজেলাস অব কুমিলস্না ডিস্ট্রিক্ট | ক) নিরাপদ মাতৃত্ব নিশ্চিত করার লক্ষ্য ব্যাপক গণসচেতনতা তৈরী করে সরাসরি প্রয়োজনীয় সেবা প্রদানের মাধ্যমে ৪টি উপজেলার ১২০০ গ্রামের ৩৫ লক্ষ জনগোষ্ঠির মধ্যে মাতৃ মৃতত্যুর হার শূন্যে নিয়ে আসা;<br>খ) সুবিধা বঞ্চিত অশিক্ষিত গ্রাম্য মহিলাদের প্রশিক্ষনের মাধ্যমে সক্ষমতা তৈরী করে তাদের সামাজিক নিপীড়নের হাত থেকে রক্ষা করা।<br>**সুনির্দিষ্ট উদ্দেশ্যঃ**<br>ক) প্রকল্প এলাকার ৬টি উপজেলায় Safe Motherhood Service এর মাধ্যমে মাতৃত্ব জনিত মৃত্যু ও প্রতিবন্ধীতা প্রতিরোধ করে শূণ্যের কোঠায় নামিয়ে আনা;<br>খ) শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে মহিলাদের উপার্জন সক্ষ করে তুলে সমাজে অন্যায় নিপীড়ন ও অত্যাচারের বিরস্নদ্ধে সোচ্চার হওয়ার জন্য তৈরী করা; এবং<br>গ) অবহেলিত ও সুবিধাবঞ্চিত গ্রামীন মহিলাদের জীবনের মান উন্নত করা। |
| ১১. | ইস্টাবলিশমেন্ট অব নেত্রকোনা ডায়াবেটিক হসপিটাল | ক) ৫০ শয্যা হাসপাতাল প্রতিষ্ঠার মাধ্যমে ডায়াবেটিক রোগীদের চিকিৎসা সেবা প্রদান করা;<br>খ) ডায়াবেটিক ও ডায়াবেটিক সংশিস্নষ্ট যেমন- হার্ট, কিডনী, চক্ষু ইত্যাদি রোগ প্রতিরোধের জন্য জনগণকে সচেতন করা;<br>গ) ডায়াবেটিক রোগের ভয়াবহতা বা ক্ষতিকারক দিক সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি করা।<br>ঘ) সাধারন চিকিৎসা সেবা প্রদানের মাধ্যমে অত্র এলাকার জনগণনের স্বাস্থ্য সেবার মান উন্নয়ন করা;<br>ঙ) ৩০% গরীব, দুঃস্থ ও সুবিধাবঞ্চিত ডায়াবেটিক রোগীদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা; এবং<br>চ) প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা ও সেবা সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান। |
| ১২. | সার্ভিসেস ফর চিলড্রেন এ্যাট রিস্ক (স্কার) (সংশোধিত) | প্রকল্পের জনবলের বেতন ভাতা, অপারেশন এন্ড মেইনটেনেন্স কস্ট, প্রভিশন অব সার্ভিসেস, ট্রেনিং এন্ড ক্যাপাসিটি বিল্ডিং, ওয়ার্কশপ, মনিটরিং এন্ড ইভালিশন, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম, পিপিএফ, কন্টিজেনসি, গুড্স এন্ড ইকুইপমেন্ট, ভেহিক্যাল। |
| ১৩. | চাইল্ড সেনসিটিভ স্যোসাল প্রটেকশন ইন বাংলাদেশ (সিএসপিবি) | প্রকল্পের জনবলের বেতন ও ভাতা, অন্যান্য , মনিটরিং সার্পোর্ট ও ভ্রমন ব্যয়, [illegible], প্রতিবেদন ও ডকুমেন্টশন, অফিস পরিচালনা ও রক্ষণাবেক্ষণ আসবাসপত্র, অফিস সরঞ্জাম, কম্পিউটার, ল্যাপটপ, ফটোকপিয়ার, আইপিএস, প্রিন্টার, শিশু ও যুবদের ক্রমাগত সামাজিক রক্ষামূলক কার্যক্রম, প্রশিক্ষণ, নির্বাচিত প্রতিষ্ঠানের শিশুবান্ধব পরিবেশের উন্নয়ন, ইত্যাদি। |

➢ অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ২০১৫-২০১৬ অর্থ-বছরে (২০১৫-১৬) বরাদ্দকৃত অর্থ, ব্যয়িত অর্থ, লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি **পরিশিষ্ট-১** দেখানো হলো।

(১৮) পররাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট তথ্য
১৮.১, ১৮.২, ১৮.৩, ১৮.৪, ১৮.৫ - প্রযোজ্য নয়।

(১৯) শিক্ষা সংক্রান্ত তথ্য: ১৯.১, ১৯.২, ১৯.৩, ১৯.৪, ১৯.৫ - প্রযোজ্য নয়।

(২০) স্বাস্থ্য-সংক্রান্ত তথ্য ( স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় পূরণ করবে)
২০.১, ২০.২, ২০.৩ - প্রযোজ্য নয়।

(২১) জনশক্তি রপ্তানি সংক্রান্ত (প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় পূরণ করবে) - প্রযোজ্য নয়।

(২২) হজ্জ-সংক্রান্ত তথ্য ( ধর্ম বিষয়ক মন্ত্রণালয় পূরণ করবে) - প্রযোজ্য নয়।

(২৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পূরণ করবে)

| মন্ত্রণালয়/ বিভাগ | ক্রমিক | সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরন | প্রতিবেদনাধীন বছর (২০১৫-১৬) | | পূর্ববর্তী বছর (২০১৪-১৫) | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদফতর | ১. | বয়স্কভাতা | ৩০.০০ | ১৪৪০০০.০০ | ২৭,২২,৫০০ | ১৩০,৬৮০.০০ |
| | ২. | বিধবা ও স্বামী পরিত্যক্তা দুস্থ মহিলা ভাতা | ১১.১৩২ | ৫৩৪৩৪.০০ | ১০,১২,০০০ | ৪৮,৫৭৬.০০ |
| | ৩. | অসচ্ছল প্রতিবন্ধী ভাতা | ৬.০০ | ৩৬০০০.০০ | ৪,০০,০০০ | ২৪,০০০.০০ |
| | ৪. | প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি | ০.৬০ | ৪১৮৮.০০ | ৫০,০০০ | ২,৫[illegible]৬.০০ |
| | ৫. | সরকারি শিশু পরিবার ও অন্যান্য প্রতিষ্ঠান | ১৭১৪৫<br>১৫৬ টি প্রতিষ্ঠান | ৫৩৪৯.২৪ | ১৭১৪৫<br>১৫৬ টি প্রতিষ্ঠান | ৫৩৪৯.২৪ |
| | ৬. | বেসরকারি এতিমখানার নিবাসীদের জন্য ক্যাপিটেশন গ্রান্ট | ৬৭,০৬৬<br>৩৫২০ টি প্রতিষ্ঠান | ৮০৪৮.০০ | ৬৩,০০০<br>৩,৪৭০ টি প্রতিষ্ঠান | ৭৫৬০.০০ |
| | ৭. | এসিডদগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম | ৩০০০ টি পরিবার | ৩০০.০০ | ৩৬২৯ | ৮১০.৩৭ |
| | ৮. | ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান | ১৭৫ | ৫০.০০ | ১৩৭ | ৭.০৯ |
| | ৯. | চাইল্ড সেনসেটিভ স্যোসাল প্রটেকশন ইন বাংলাদেশ প্রকল্প (সিএসপিবি) | ৩৯,৫৮৯ | ১০৩১.৭৯ | ২৩,৯৬২ | ১৭০৭.৮৬ |
| | ১০. | সার্ভিসেস ফর চিলড্রেন এট রিস্ক (স্কার) | ২৫১৭ | ২২০৬.০০ | ১০৩৬ | ৯৬০.৮১ |
| | ১১. | হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উনণয়ন কর্মসূচি | ৬৬৬৯ | ৮.০০ | ৩৩৪৯ | ৪৫৮.৭২ |
| | ১২. | দলিত, হরিজন ও বেদে জনগোষ্ঠীর জীবনমান উনণয়ন কর্মসূচি | ৩০,১৬৫ | ১৮.০০ | ১৪৬৭৬ | ৯২২ |

| মন্ত্রণালয়/ বিভাগ | ক্রমিক | সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরন | প্রতিবেদনাধীন বছর (২০১৫-১৬) | | পূর্ববর্তী বছর (২০১৪-১৫) | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | ১৩. | চা শ্রমিকদের জীবনমান উননয়ন কর্মসূচি | ২০,০০০ | ৫০০.০০ | ৯,৯০৭ | ৫০০.০০ |
| | ১৪. | ক্যান্সার, কিডনি ও লিভার সিরোসিস রোগীর আর্থিক সহায়তা কর্মসূচি | ৩,৯৮০ | ১০০০.০০ | ১৯৯২ | ১,০০০ |
| | ১৫ | প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | নিবন্ধিত রোগীর সংখ্যা-২,৪২,০০৪ সেবা সংখ্যা (Service Transaction)- ১১,২২,৮৮৪ | ১৮.০০ | নিবন্ধিত রোগীর সংখ্যা-৪৭,৮৭২ সেবার সংখ্যা - ৬,০৬,৭২১ | ১৩.০০ |
| | ১৬ | বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয় | ১১৩৪০ | ১২.০০ | ৯৮৫০ | ১০.৯৩ |
| | ১৭ | কর্মজীবী প্রতিবন্ধী মহিলা ও পুরুষ হোস্টেল | ৬৪ | ১০.০০ | ৬৪ | ১০.০০ |
| | [illegible] | প্রতিবন্ধী শিশু নিবাস | ১০ | ১২.০০ | ৮ | ৮.০০ |
| | ১৯ | স্কুল ফর চিলড্রেন উইথ অটিজম | ৩০০ | ৪০.০০ | ২০০ | ৩৫.০০ |
| | ২০ | অটিজম ও এনডিডি কর্ণার | (ক) নিবন্ধিত ১৫৫৬০ (খ) সেবা সংখ্যা (Service Transaction)- ৭৪২৫০ | ১৫.০০ | (ক) নিবন্ধিত ১১,৭৫০ (খ) সেবা সংখ্যা (Service Transaction)- ৬০,৫৪০ | ৮.০০ |
| | ২১ | অটিজম রিসোর্স সেন্টার | ২২৫৫ | ১০.০০ | ১,৭৯৫ | ৮.০০ |
| | ২২ | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ | ৪৬০০৪ | ১২,৯২.৬৫ | ২৮,৯৯৫ | ৯,৬০.৫৬ |

(২৪) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান

২৪.১ মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন যে সব (বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত) প্রতিষ্ঠান ২০১৫-১৬ অর্থ-বছরে লোকসান করেছে তাদের নাম ও লোকসানের পরিমাণ - প্রযোজ্য নয়।

২৪.২ মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন যে সব (বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত) প্রতিষ্ঠান ২০১৫-১৬ অর্থ-বছরে লাভ করেছে তাদের নাম ও লাভের পরিমাণ - প্রযোজ্য নয়।

ড. চৌধুরী মো: বাবুল হাসান
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.msw.gov.bd.

নং- ৪১.০০.০০০০.০৩৫.১৪.০০৪.১৬- ৭৫৮ | ১৪ আশ্বিন ১৪২৩
২৭ সেপ্টেম্বর ২০১৬

বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৫-২০১৬ অর্থ বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়েল ২৪.০৭.২০১৬ তারিখের ৪১.০০.০০০০.০৩৫.১৪.০০৪.১৬.৭০৬ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদনের ২৩ নম্বর অনুচ্ছেদের ১৫, ১৬ ও ২২ নম্বর ক্রমিকের ৬ ও ৭ নম্বর কলাম নিম্নোক্ত ছক মোতাবেক প্রতিস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

| মন্ত্রণালয়/ বিভাগ | ক্রমিক | সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরন | প্রতিবেদনাধীন বছর (২০১৫-১৬) | | পূর্ববর্তী বছর (২০১৪-১৫) | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | ১৫ | প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | নি[illegible] রোগীর সংখ্যা-২,[illegible]২,০০৪ জন সেবা সংখ্যা (Service Transaction)- ১১,২২,৮৮৪জন | ১৮.০০ | ১৩,৯৩,৩১৭জন | ১০২৮.৪৯ |
| | ১৬ | বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয় | ১১৩৪০জন | ১২.০০ | ৯০০৭ জন | ৯৫০.০০ |
| | ২২ | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ | ৪৬০০৪ জন | ১২,৯২.৬৫ | ৩৮,৯৯৭ জন | ৮৬০.৩৫ |

(কাওসার জাহান)
সিনিয়র সহকারী সচিব(প্র:-৩)
ফোন: ৯৫৭৭১১৯।

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃঃআঃ সিনিয়র সহকারী সচিব, রিপোর্ট শাখা)।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো:
০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.msw.gov.bd.

নং- ৪১.০০.০০০০.০৩৫.১৪.০০৪.১৬- ৮৮৮

২০ ভাদ্র ১৪২৩
০৪ সেপ্টেম্বর ২০১৬

বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৫-২০১৬ অর্থ বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়েল ২৪.০৭.২০১৬ তারিখের ৪১.০০.০০০০.০৩৫.১৪.০০৪.১৬.৭০৬ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদনের ২৩ নম্বর অনুচ্ছেদের ৪নম্বর কলাম নিম্নোক্ত ছক মোতাবেক প্রতিস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ যথাবর্ণনা।
০২(দুই) পাতা;

(কাওসার জাহান)
সিনিয়র সহকারী সচিব(প্র:-৩)
ফোন: ৯৫৭৭১১৯।

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃঃআঃ সিনিয়র সহকারী সচিব, রিপোর্ট শাখা)।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো:
০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(২৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পূরণ করবে)

| মন্ত্রণালয়/ বিভাগ | ক্রমিক | সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরন | প্রতিবেদনাধীন বছর (২০১৫-১৬) | | পূর্ববর্তী বছর (২০১৪-১৫) | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদফতর | ১. | বয়স্কভাতা | ৩০.০০ লক্ষ জন | ১৪৪০০০.০০ | ২৭,২২,৫০০ | ১৩০,৬৮০.০০ |
| | ২. | বিধবা ও স্বামী পরিত্যক্তা দুস্থ মহিলা ভাতা | ১১.১৩২ লক্ষ জন | ৫৩৪৩৪.০০ | ১০,১২,০০০ | ৪৮,৫৭৬.০০ |
| | ৩. | অসচ্ছল প্রতিবন্ধী ভাতা | ৬.০০ লক্ষ জন | ৩৬০০০.০০ | ৪,০০,০০০ | ২৪,০০০.০০ |
| | ৪. | প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি | ০.৬০ লক্ষ জন | ৪১৮৮.০০ | ৫০,০০০ | ২,৫৫৬.০০ |
| | ৫. | সরকারি শিশু পরিবার ও অন্যান্য প্রতিষ্ঠান | [illegible]৪৫ জন<br>১৫৬ টি প্রতিষ্ঠান | ৫৩৪৯.২৪ | ১৭১৪৫<br>১৫৬ টি প্রতিষ্ঠান | ৫৩৪৯.২৪ |
| | ৬. | বেসরকারি এতিমখানার নিবাসীদের জন্য ক্যাপিটেশন গ্রান্ট | ৬৭,০৬৬ জন<br>৩৫২০ টি প্রতিষ্ঠান | ৮০৪৮.০০ | ৬৩,০০০<br>৩,৪৭০ টি প্রতিষ্ঠান | ৭৫৬০.০০ |
| | ৭. | এসিডদগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম | ৩০০০ টি পরিবার | ৩০০.০০ | ৩৬২৯ | ৮১০.৩৭ |
| | ৮. | ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান | ১৭৫জন | ৫০.০০ | ১৩৭ | ৭.০৯ |
| | ৯. | চাইল্ড সেনসেটিভ স্যোসাল প্রটেকশন ইন বাংলাদেশ প্রকল্প (সিএসপিবি) | ৩৯,৫৮৯জন | ১০৩১.৭৯ | ২৩,৯৬২ | ১৭০৭.৮৬ |
| | ১০. | সার্ভিসেস ফর চিলড্রেন এট রিস্ক (স্কার) | ২৫১৭জন | ২২০৬.০০ | ১০৩৬ | ৯৬০.৮১ |
| | ১১. | হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উনণয়ন কর্মসূচি | ৬৬৬৯ জন | ৮.০০ | ৩৩৪৯ | ৪৫৮.৭২ |
| | ১২. | দলিত, হরিজন ও বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি | ৩০,১৬৫ জন | ১৮.০০ | ১৪৬৭৬ | ৯২২.৯৪ |

| মন্ত্রণালয়/ বিভাগ | ক্রমিক | সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরন | প্রতিবেদনাধীন বছর (২০১৫-১৬) | | পূর্ববর্তী বছর (২০১৪-১৫) | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | ১৩. | চা শ্রমিকদের জীবনমান উননয়ন কর্মসূচি | ২০,০০০ জন | ৫০০.০০ | ৯,৯০৭ | ৫০০.০০ |
| | ১৪. | ক্যান্সার, কিডনি ও লিভার সিরোসিস রাগীর আর্থিক সহায়তা কর্মসূচি | ৩,৯৮০ জন | ১০০০.০০ | ১৯৯২ | ১,০০০ |
| | ১৫ | প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | নিবন্ধিত রোগীর সংখ্যা-২,৪২,০০৪ জন সেবা সংখ্যা (Service Transaction)- ১১,২২,৮৮৪জন | ১৮.০০ | নিবন্ধিত রোগীর সংখ্যা-৪৭,৮৭২ সেবার সংখ্যা -৬,০৬,৭২১ | ১৩.০০ |
| | ১৬ | বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয় | ১১৩৪০জন | ১২.০০ | ৯৮৫০ | ১০.৯৩ |
| | ১৭ | কর্মজীবী প্রতিবন্ধী মহিলা ও পুরুষ হোস্টেল | ৬৪ জন | ১০.০০ | ৬৪ | ১০.০০ |
| | ১৮ | প্রতিবন্ধী শিশু নিবাস | ১০জন | ১২.০০ | ৮ | ৮.০০ |
| | ১৯ | [illegible] ফর চিলড্রেন উইথ অটিজম | ৩০০জন | ৪০.০০ | ২০০ | ৩৫.০০ |
| | ২০ | অটিজম ও এনডিডি কর্ণার | (ক) নিবন্ধিত ১৫৫৬০ জন (খ) সেবা সংখ্যা (Service Transaction)- ৭৪২৫০জন | ১৫.০০ | (ক) নিবন্ধিত ১১,৭৫০ (খ) সেবা সংখ্যা (Service Transaction)- ৬০,৫৪০ | ৮.০০ |
| | ২১ | অটিজম রিসোর্স সেন্টার | ২২৫৫ জন | ১০.০০ | ১,৭৯৫ | ৮.০০ |
| | ২২ | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ | ৪৬০০৪ জন | ১২,৯২.৬৫ | ২৮,৯৯৫ | ৯,৬০.৫৬ |